ভোরের কাগজ

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতির অভিযোগ

# ৫ দফা বাস্তবায়নের দাবিতে ফরিদপুরে ছাত্র ইউনিয়নের সংবাদ সম্মেলন

ফরিদপুর প্রতিনিধি : জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন রকম অনিয়ম-দুর্নীতির প্রতিবাদে এবং নানাবিধ সমস্যা নিরসনের লক্ষ্যে ৫ দফা দাবি বাস্তবায়ন আন্দোলন কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন সরকারি রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ শাখা গত রোববার ফরিদপুর প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনের আয়োজন করে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র ইউনিয়নের আহ্বায়ক ও ফরিদপুর জেলা সংসদের ক্রীড়া সম্পাদক পার্থ রায়। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন জেলা সংসদের সভাপতি আজমল হোসেন, সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় কমিটির সদস্য মোঃ রেজাউল করিম, সাংগঠনিক সম্পাদক ও জাতীয় পরিষদ সদস্য সনাতন মালো উল্লাস, সাংস্কৃতিক সম্পাদক দিদারুল করিম, প্রচার ও প্রকাশনা সম্পাদক আরাফাতুল কবির রিজভী, সদস্য শামীম আহমেদ, সুমন কুমার নাগ, সম্ভুচরণ পাল প্রমুখ।

সংবাদ সম্মেলনে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভিন্ন পরীক্ষার ফলা
ঘোষণার ক্ষেত্রে গেজেটের সঙ্গে নম্বরপ
গরমিল, অর্থের বিনিময়ে ফলাফল জানা
পরীক্ষার খাতা বিক্রি এবং টাকার বিনি
পুনরায় লেখানো, প্রশ্নপত্র বিক্রি, প্রতি
ভর্তি ফি, পরীক্ষার ফি, ফরম ফিলাপ ই
বাবদ অতিরিক্ত অর্থ গ্রহণ, গাজীপ
প্রশাসনিক ভবনে ছাত্র হয়রানিসহ বি
অনিয়ম-দুর্নীতি, অব্যবস্থাপনার অভি
করা হয়। এ ছাড়া লাইব্রেরিতে ব
ল্যাবরেটরিতে যন্ত্রপাতির অভাব এবং শি
সংকটসহ কলেজগুলোর অবকাঠামে
সমস্যা তুলে ধরা হয়।

সম্মেলনে নেতৃবৃন্দ তাঁদের ৫ দফা দ
উল্লেখ করে আন্দোলনের দেশব
কর্মসূচির ও ঘোষণা দেন। দাবিগুলো
যথা সময়ে পরীক্ষা গ্রহণ, ৩ মাসের
ফল প্রকাশ ও অ্যাকাডেমিক ক্যাে
কার্যকর করা; বিকল্প পরীক্ষা কেন্দ্র প্র
করে সারা বছর ক্লাস চালুর ব্যবস্থা
বৃহত্তর জেলা শহরে জাতীয় বিশ্ববিদ্যা
পূর্ণ ক্ষমতা সম্পন্ন সাব অফিস প্র
অনিয়ম-দুর্নীতির অবসান ঘটানো
প্রয়োজনীয়, শিক্ষকের ব্যবস্থা কর
শিক্ষকদের বেতন বৃদ্ধি সহ অন্যান্য
দাবি মেনে নেওয়া।

ঘোষিত আন্দোলন কর্মসূচির
রয়েছে ১৮ এপ্রিল জাতীয় বিশ্ববিদ্যা
অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে মিছিল-সম
১৮ এপ্রিল থেকে ৭ মে পর্যন্ত ছাত্র-শি
কর্মচারীসহ বিভিন্ন শ্রেণী পেশার ম
সঙ্গে গণসংযোগ ও মতবিনিময় এবং
কেন্দ্রীয় নেতার উপস্থিতিতে ব
অধ্যক্ষের কাছে স্মারকলিপি পেশ। 
জাতীয় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের
ঢাকায় কনভেনশনে আন্দোলনের প
কর্মসূচি ঘোষণা করা হবে।